

## বিদেশের মাটিতে বাংলার স্বাধীনতার ম্যুরাল

বিশেষ প্রতিনিধি - 26 October 2011

বাঙালি জাতির ভাষা আন্দোলন থেকে শুরু করে বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ, স্বাধীনতা সংগ্রাম ও স্বাধীন রাষ্ট্র হিসেবে বাংলাদেশের অভ্যুদয়। এসবই স্থান পেয়েছে প্রায় ১০০ ফুট দীর্ঘ একটি ম্যুরালে। এটি আমাদের দেশের কোথাও নয়, এখন স্থান হয়েছে নরওয়ের ক্রিস্টিয়ান স্যান্ড সিটির একটি পাবলিক প্লেসে। গত সোমবার নরওয়ের স্থানীয় সময় বেলা ১২টার দিকে (বাংলাদেশ সময় বিকেল ৫টা)



বিদেশের মাটিতে এই ম্যুরালটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন রাজশাহী সিটি করপোরেশনের মেয়র এএইচএম খায়রুজ্জামান লিটন। সঙ্গে ছিলেন ক্রিস্টিয়ান স্যান্ড সিটির মেয়র পার সিগিউর ডি সরেনসেন। রাসিক সূত্র জানায়, ক্রিস্টিয়ান স্যান্ড বাংলাদেশের রাজশাহীর সিস্টার সিটি। দীর্ঘদিন ধরে এই নগরী রাজশাহীর বিভিন্ন কর্মকাণ্ডে সহায়তা দিয়ে

আসছে। বাংলাদেশের ইতিহাস ঐতিহ্য ও সংস্কৃতি সেই নগরীর মানুষের কাছে তুলে ধরতে গত সোমবার এই ম্যুরালটি উদ্বোধন করা হয়।

প্রায় ১০০ ফুট দীর্ঘ ও ১৫ ফুট প্রশস্ত টাইলসের ম্যুরালটিতে রয়েছে বাংলাদেশের ভাষা আন্দোলন থেকে শুরু করে বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ, স্বাধীনতা যুদ্ধ, জাতীয় চার নেতা ও বিজয় অর্জনের চিত্র। এছাড়া আবহমান গ্রাম বাংলা ও সংস্কৃতি নিয়ে রয়েছে আরো একটি ম্যুরাল। ১ ফুট বর্গক্ষেত্র আকারের ৫১৮টি টাইলসের ওপর নির্মিত এই ম্যুরালটি রাজশাহী সিটি করপোরেশন ১৯ লাখ টাকা ব্যয়ে ঢাকার ডিঅ্যান্ডআই আর্ট কোম্পানি নামের একটি প্রতিষ্ঠানের কাছ থেকে তৈরি করে নেয়। গত জানুয়ারি মাসে তথ্য ও সংস্কৃতি মন্ত্রণালয়, প্রত্নতত্ত্ব অধিদফতর, আমদানি রফতানি ব্যুরো, কাস্টমস ক্লিয়ারেন্স নিয়ে জাহাজযোগে তা নরওয়ের ক্রিস্টিয়ান স্যান্ড সিটিতে পাঠানো হয়। গত সোমবার সেটির আনুষ্ঠানিক উদ্বোধন হয়।

### Slik ser skriften ut

Dette er en avisartikkel om mosaikkbildet som Rajshahi by ga Kristiansand som en gave. Selve mosaikken forteller om Bangladesh' historie. Du kan se det på veggen til idrettsbygget på Odderøya.